

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
গুংগমা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০২.০০.০৬৮.২০১০- ৩৭/৩

তারিখ : ২২.০৬.২০১১

বিষয় : সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ ফেরদৌস আজার জাহান (১১১৯৭০), মেডিকেল অফিসার, প্রেমণে আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর-কে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩ (বি) ধারায় বর্ণিত ত্রুটি ব্যতীত কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৫.১৫০.০২৭.০২.০০.০৬৮.২০১০-৮৮০ তারিখ : ১৫.০৯.২০১০ মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় ; এবং

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশটি ২৯.০৩.২০১১ তারিখে 'দৈনিক ইন্ডেক্স' ও ০১.০৪.২০১১ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত হয় ; এবং

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনায় আপনাকে উল্লেখিত অধ্যাদেশের ৩ (বি) ধারায় অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে ;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪ (এ) ধারা মোতাবেক সরকারি চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

(এ. কে. এম. আমির হোসেন)  
অতিরিক্ত সচিব

ডাঃ ফেরদৌস আজার জাহান (১১১৯৭০)

মেডিকেল অফিসার

প্রেমণে আনসার ও ভিডিপি হাসপাতাল, সফিপুর, গাজীপুর

(স্থায়ী ঠিকানা- ক-১২০/৬, কুড়িল কাজী বাড়ী মসজিদ, ফিল্ডেত, বাড্ডা, ঢাকা-১২২৯)

নং- ৪৫.১৫০.০২৭.০২.০০.০৬৮.২০১০- ৬৭৩/৩(৩)

তারিখ : ২২.০৬.২০১১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

(মোঃ সাইদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৭২২৫২

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)